## Sanatan Dharma

---

**গুরু কৃপাহি কেবলম**

সর্ব্বদা গুরুর উপর নিজেকে নির্ভর রাখিবে।নিজেকে বুদ্ধিমান জ্ঞানে কর্ত্তা অভিমানে থাকিয়া মন স্থিরের প্রয়াস করা কেবল দুঃখের ভাজন হইতে হয়।মন স্থিরের প্রতি লক্ষ্য না রাখিয়া গুরুর উপদেশে প্রতি লক্ষ্য রাখিবে। গুরুর দৃষ্টি হৃদয়ে এবং পিছনে সর্ব্বদা আছেন নিশ্চয়, ইহার সন্দেহ করিবে না।দেখিতে পাও আর না পাও ইহা হৃদয়ে দৃঢ়রূপে আঢ্য করিয়া সতত থাকিবে,ইহাই গুরুর মূল সেবা।কর্ত্তৃত্ব দুর্ব্বল হইয়া পড়িলে তখন ভগবান ও গুরুর স্বরূপ প্রত্যক্ষ পাইবে।শান্তির আকর গুরু ও ভগবৎ সেবা লাভ করিতে পারিবে।মন নিত্যরূপে প্রতিষ্ঠা থাকিবে,ইহা ধ্রুববাক্য সন্দেহ নাই।

Published on: Oct, 12 2022 15:15